

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



তারিখ : ০৬ শ্রাবণ ১৪২৬  
২১ জুলাই ২০১৯

অফিস আদেশ

রাজস্থলী তাইতংপাড়া সরকারি উচ্চ বিদ্যালয়, রাজস্থলী, রাশামাটি পার্বত্য জেলার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ের জ্যেষ্ঠ সহকারী শিক্ষক জনাব আবুল কালাম আজাদ পাটোয়ারী গত ২৫.০৬.২০১৯ খ্রি: হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বভার গ্রহণ করে আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষঙ্গিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্বে থাকাকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
- (ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

স্বাক্ষরিত  
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

স্মারক নং : ৩৭.০২.০০০০. ১০৬.৩৪.০০২.১৯.২৯১

তারিখ : ০৬ শ্রাবণ ১৪২৬  
২১ জুলাই ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, -----।
- ০৩। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৪। উপজেলা/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----।
- ০৫। প্রধান শিক্ষক, -----।
- ০৬। জনাব -----।
- ০৭। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

ফোন ৯৫৬১২৫৪  
email.addshesecondary@gmail.com

২১.০৭.১৯